Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৪/৪০

১৫ ফেব্রুয়ারী, ২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র সংগ্রহের জটিলতা নিরসন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/, তারিখঃ ১৪/০২/২০২৪।
(খ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-৪৩২, তারিখ: ০৪/০২/২০২৪।
(গ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-৫৫৬৯, তারিখ: ১২/১২/২০২৩।
(ঘ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-৪২৭১, তারিখ: ২৬/০৯/২০২৩।
(ঙ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৮৮০, তারিখ: ০৬/০৭/২০২৩।
(চ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-১৯৩৭, তারিখ: ৩০/০৪/২০২৩।
(ছ) বাংলাদেশ ব্যাংকের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-২৫৮, তারিখ: ১৭/০১/২০২৩।
(জ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮, তারিখঃ ২৬/১২/২০২২।

**সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,**

**আসসালামু আলাইকুম।**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণে উদ্ভূত জটিলতা ও কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে বর্তমান পরিচালনা পর্ষদ দায়িত্ব গ্রহণের পর হতে কাজ করে যাচ্ছে। শর্ট শিপমেন্টের তথ্য হালনাগাদকরণের ক্ষেত্রে করনীয় ও কার্যক্রম সহজীকরণের নিমিত্তে আমরা জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংকের নিকট পত্র প্রেরণ ও সভা আয়োজনের মাধ্যমে আমাদের প্রচেষ্টা অব্যাহত রেখেছি।

জাতীয় রাজস্ব বোর্ডের ২৬/১২/২০২২ইং তারিখে জারীকৃত নির্দেশনার মাধ্যমে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র সংগ্রহের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের অনলাইনে তথ্য হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু অনেক প্রতিষ্ঠানের পক্ষে কাস্টমস কর্তৃপক্ষের চাহিত অনেক পুরাতন দলিলাদি দাখিল করতে না পারার কারণে তথ্য হালনাগাদ করতে পারছিলেন না। তথ্য হালানাগাদ করতে না পারার কারণে যেন প্রতিষ্ঠানসমূহ ব্যাংকিং ও কাস্টমস সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে কোন জটিলতার সম্মুখীন না হন, তার জন্য আমরা কাস্টমস ও বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষের সাথে সর্বদা যোগাযোগ অব্যাহত রেখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত 'খ-ছ' নির্দেশনা জারীর মাধ্যমে তথ্য হালনাগাদকরণের মেয়াদ বৃদ্ধির ফলে কার্যক্রম চলমান রাখতে পেরেছি।

বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে কাস্টম হাউস হতে প্রত্যয়ন পত্র সংগ্রহের ক্ষেত্রে হয়রানি ও জটিলতা নিরসনে জাতীয় রাজস্ব বোর্ড হতে নথি নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭. তারিখ: ১৪/০২/২০২৪ জারীর মাধ্যমে নির্দেশনা প্রদান করেছে। উক্ত নির্দেশনার মাধ্যমে ২০২০ সালের পূর্বের শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক কর্তৃক শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রত্যয়নপত্র প্রদান করলে এবং প্রতিষ্ঠান সকল দায়-দায়িত্ব বহন করবে মর্মে কাস্টম হাউসের কমিশনার বরাবর অঙ্গীকারনামা প্রদান করলে কাস্টম হাউস প্রত্যয়নপত্র প্রদান করবে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক আগামী ৩১/০৩/২০২৪ইং তারিখের মধ্যে তথ্য হালনাগাদের কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। যেহেতু উক্ত নির্দেশনার ফলে বর্তমানে কাস্টম হাউস হতে সহজে প্রত্যয়নপত্র সংগ্রহ করা সম্ভব হবে তাই উল্লেখিত সময়ের মধ্যে কার্যক্রমটি সম্পাদনের জন্য বিনীত অনুরোধ করছি।

আশা করি জাতীয় রাজস্ব বোর্ডের বর্তমান নির্দেশনার মাধ্যমে আমরা ২০২০ সালের পূর্বের শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সহজে বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদ করতে আমাদের সদস্য প্রতিষ্ঠানদের সহায়তা প্রদানে সফল হয়েছি।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত সকল নথি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ তারিখ: ১৪/০২/২০২৪খ্রি.

**বিষয়: পোশাক শিল্পের রপ্তানি চালানের অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র প্রদানের কার্যক্রম সহজীকরণ।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮, তারিখঃ ২৬/১২/২০২২ খ্রি.।
২। বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০২৪/৪০৬, তারিখ: ১৩/০১/২০২৪খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত (১) নং আদেশের মাধ্যমে পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানি পরবর্তীতে শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যসমূহ বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের নিমিত্তে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে প্রত্যয়ন পত্র প্রদান করার ক্ষেত্রে কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত অফিস আদেশের ভিত্তিতে প্রযোজ্য মূল দলিলাদি সহ অন্যান্য তথ্য যাচাই বাছাই করা হয়। কিন্তু অনেক পুরাতন বিল অব এক্সপোর্টের ক্ষেত্রে দীর্ঘ দিনের পুরানো শর্ট শিপমেন্ট সার্টিফিকেট না থাকা, প্রাইভেট আইসিডি'তে রক্ষিত শর্ট শিপমেন্ট রেজিষ্টার খুঁজে না পাওয়া সহ ইতিমধ্যে অনেক প্রাইভেট আইসিডি বন্ধ হয়ে যাওয়ার কারণে অনেক ক্ষেত্রে তথ্য সংগ্রহ করা সম্ভব না হওয়ায় রপ্তানিকারকগণ প্রত্যয়নপত্র সংগ্রহের ক্ষেত্রে বিভিন্ন জটিলতা ও হয়রানির সম্মুখীন হচ্ছেন এবং বাংলাদেশ ব্যাংকের অনলাইনে তথ্য হালনাগাদ করতে পারছেন না মর্মে সুত্রোক্ত (২) নং পত্রে উল্লেখ করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, প্রত্যয়ন পত্র প্রদানের কার্যক্রম সহজীকরণের নিমিত্তে কেবল ২০২০ সালের পূর্বের বিল-অব এক্সপোর্টসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র প্রদান করলে এবং এই সকল রপ্তানি সংশ্লিষ্ট যে কোন ধরণের আইনানুগ জটিলতার ক্ষেত্রে প্রতিষ্ঠান সকল দায়-দায়িত্ব বহন করবে মর্মে কাস্টম হাউসের কমিশনার বরাবর একটি অঙ্গীকারনামা প্রদান করলে তার ভিত্তিতে সংশ্লিষ্ট কাস্টম হাউস প্রত্যয়ন পত্র প্রদান করবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

স্বা:
এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

**প্রাপক:**
কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ তারিখ: ১৪/০২/২০২৪খ্রি.

**অনুলিপি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য):**
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট]।
২। সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), ঠিকানা: বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৩। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪-৫। অফিস কপি/গার্ড কপি।

১৪/০২/২৪
এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

G:\Head-01\Letter\01.002.17.Doc

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/ ২৮

তারিখঃ ০৫/০২/২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট অনিষ্পন্ন বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-৪৩২, তারিখ: ০৪/০২/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২৯২, তারিখ: ১৪/১২/২০২৩।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত 'ক' পত্রের মাধ্যমে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য এডি ব্যাংকের সহযোগিতা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩১/০৩/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে এবং উল্লেখিত সময়ের মধ্যে কার্যক্রমটি সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করেছে।

উল্লেখ্য, সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য প্রদানের জন্য সদস্যদের'কে অনুরোধ জানানো হয়। কিন্তু মাত্র কয়েকটি প্রতিষ্ঠান তথ্য প্রদান করেছেন। যারা এখনও তথ্য প্রদান করেননি তাদের তথ্য প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্যসমূহ বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদ করা না হলে উক্ত প্রতিষ্ঠানগুলো কাস্টমস ও ব্যাংকিং সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে প্রতিবন্ধকতার সম্মুখীন হবেন। তাই জরুরী ভিত্তিতে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত 'ক' নথিটি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০৫/২/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs




BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪- ৪৩২

তারিখঃ ০৪/০২/২০২৪ ইং

সভাপতি
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স
বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭
ব্লকঃ এইচ-১, উত্তরা
ঢাকা-১২৩০।

(দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

প্রিয় মহোদয়,

**পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে আপনাদের ০৪/০১/২০২৪ তারিখের পত্র নং- বিজিএ/কাস/২০২৪/৪৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পাদনের মেয়াদ আগামী ৩১/০৩/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা করা হয়েছে।

০২) উল্লিখিত সময়ের মধ্যে এডি ব্যাংকের সহযোগিতা গ্রহণপূর্বক কাস্টমস হতে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র গ্রহণ এবং তা অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পন্ন করার জন্য আপনাদের সদস্য প্রতিষ্ঠানসমূহকে তাগাদা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২৩১২

তারিখঃ ১৪/১২/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট অনিষ্পন্ন বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ(ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-৫৫৬৯, তারিখ: ১২/১২/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩১/১২/২০২৩ হতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

আপনারা জানেন দীর্ঘদিন ধরে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি দ্রুত সুরাহার জন্য বিজিএমইএ'র পক্ষ হতে সর্বদা সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগের মাধ্যমে চেষ্টা অব্যাহত আছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিষয়টি সমাধানের লক্ষ্যে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিজিএমইএ'র নিকট হতে ২৬/১২/২০২২ইং তারিখ হতে এ'পর্যন্ত কি পরিমান অনিষ্পন্ন বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র জন্য প্রত্যয়নপত্র পাওয়া গিয়েছে এবং কি পরিমান বিল অব এক্সপোর্ট/ ইএক্সপি'র বিপরীতে প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য অপেক্ষমান রয়েছে তার তথ্য চাওয়া হয়েছে। নিম্নোক্ত ছক পূরণ করে তথ্য প্রেরণের জন্য অনুরোধ জানানো হলোঃ

| প্রতিষ্ঠানের নাম | অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্ট/ইএক্সপি সমূহের নাম্বার ও তারিখ | অনিষ্পন্ন সর্বমোট বিল অব এক্সপোর্টে/ ইএক্সপি'র সংখ্যা | ২৬/১২/২০২২ইং তারিখের পরবর্তীতে প্রত্যয়নপত্র প্রাপ্ত বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র সংখ্যা | ২৬/১২/২০২২ইং তারিখের পরবর্তীতে প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য অপেক্ষমান বিল অব এক্সপোর্ট/ইএক্সপি'র সংখ্যা | প্রত্যয়নপত্র প্রাপ্তিতে বিলম্বের কারণ | এ'বিষয়ে প্রতিষ্ঠানের পক্ষে যোগাযোগ কর্মকর্তার নাম ও মোবাইল নং |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

ঢাকা জোনের প্রতিষ্ঠানসমূহ customs@bgmea.com.bd এবং চট্টগ্রাম জোনের প্রতিষ্ঠানসমূহ info@bgmeactg.org ই-মেইল ঠিকানায় ছকটি নির্ভুলভাবে পূরণ করে প্রেরণ এবং একই তথ্য একাধিক মেইলের মাধ্যমে প্রেরণ হতে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, উপরোক্ত চাহিত তথ্যের সাথে সংশ্লিষ্ট কোন দলিলাদি প্রেরণের প্রয়োজন নেই। শুধুমাত্র ছকটি নির্ভুলভাবে পূরণ করে প্রেরণ করতে হবে। প্রয়োজন হলে বিজিএমইএ হতে যোগাযোগ করে তথ্যের সংশ্লিষ্ট দলিলাদি সংগ্রহ করা হবে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- ৫৫৬৯ তারিখঃ ১২/১২/২০২৩ ইং

সভাপতি
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স
বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭
ব্লকঃ এইচ-১, উত্তরা
ঢাকা-১২৩০।

(দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

প্রিয় মহোদয়,

পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদের ২৫/১১/২০২৩ তারিখের পত্র নং- বিজিএ/কাস/২০২৩/১৬৪৭৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পাদনের মেয়াদ ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০২) ইত্যবসরে, জাতীয় রাজস্ব বোর্ডের ২৬/১২/২০২২ তারিখের নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮ জারির পর হতে অদ্যাবধি কী পরিমাণ বিল অব এক্সপোর্ট- এর জন্য প্রত্যয়ন পত্র পাওয়া গিয়েছে এবং বর্তমানে কতগুলো ইএক্সপি/বিল অব এক্সপোর্ট শর্ট শিপমেন্টজনিত কারণে কাস্টমস হতে প্রত্যয়ন প্রাপ্তির জন্য অপেক্ষমান রয়েছে- সদস্য রপ্তানিকারক প্রতিষ্ঠানদের নিকট হতে সে তথ্য সংগ্রহপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/224                                    তারিখঃ ২৭/০৯/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ(ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-৪২৭১, তারিখ: ২৬/০৯/২০২৩।
(খ) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৮৮০, তারিখ: ০৬/০৭/২০২৩।
(গ) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-১৯৩৭, তারিখ: ৩০/০৪/২০২৩।
(ঘ) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-২৫৮, তারিখ: ১৭/০১/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের **সর্বশেষ মেয়াদ ৩১/১২/২০২৩ তারিখ নির্ধারন করা হয়েছে এবং এই সময়সীমা আর বর্ধিত করা হবে না মর্মে উল্লেখ রয়েছে।**

উল্লেখ্য, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের লক্ষ্যে বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে একাধিকবার সময় বৃদ্ধি করা হয়েছে। তাই যেসকল প্রতিষ্ঠান এখনও তাদের অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য হালনাগাদ করেননি তাদেরকে আগামী ৩১/১২/২০২৩ইং তারিখের মধ্যে কার্যটি সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ জারীকৃত সূত্রোক্ত 'ক' স্মারকটি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২৭/৯/২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

৫০০৮০

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- তারিখঃ ২৬/০৯/২০২৩ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

**অপ্রত্যাবাসিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে এ বিভাগের তারিখের পত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৫৭, ১৯৩৬ ও ২৮৭৯, যথাক্রমে তারিখঃ ১৭/০১/২০২৩, ৩০/০৪/২০২৩ ও ০৬/০৭/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) আপনাদের গ্রাহক/রপ্তানিকারক প্রতিষ্ঠানের শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়নপূর্বক Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে উক্ত প্রত্যয়ন পত্রের কপি প্রেরণের সময়সীমা আগামী ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল। এ সময়সীমা আর বর্ধিত করা হবে না।

০৩) সূত্রোক্ত পত্রের অন্যান্য নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/

(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

অনুলিপি নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- ৪২৭১ তারিখঃ উল্লিখিত

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

১) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লকঃ এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। (দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

২) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিকেএমইএ), ২৩৩/১ বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন (২য় ও ৩য় তলা), নারায়নগঞ্জ-১৪০০। (দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ হাতেম, নির্বাহী সভাপতি)

৩) সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ৮ পান্থপথ, ইউটিসি ভবন, লেভেল- ৮, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। (দৃষ্টি আকর্ষণঃ মনসুর আহমেদ, অতিরিক্ত পরিচালক ও সিইও- ইনচার্জ)

যুগ্ম পরিচালক

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৮৮

তারিখঃ ০৬/০৭/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৮৮০, তারিখ: ০৬/০৭/২০২৩।
(খ) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-১৯৩৭, তারিখ: ৩০/০৪/২০২৩।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ০৬/০৭/২০২৩ তারিখ হতে বৃদ্ধি করে ৩০/০৯/২০২৩ তারিখ নির্ধারন করা হয়েছে।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রদ্বয় এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০৬/৭/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-

তারিখঃ ০৬/০৭/২০২৩ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

**অপ্রত্যাবাসিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে এ বিভাগের তারিখের পত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৫৭, তারিখঃ ১৭/০১/২০২৩ ও এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-১৯৩৬, তারিখঃ ৩০/০৪/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) আপনাদের গ্রাহক/রপ্তানিকারক প্রতিষ্ঠানের শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়নপূর্বক Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে উক্ত প্রত্যয়ন পত্রের কপি প্রেরণের সময়সীমা আগামী **৩০/০৯/২০২৩** তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

০৩) সূত্রোক্ত পত্রের অন্যান্য নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/

**(মোঃ মোকাদ্দেম আহামদ)**
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

অনুলিপি নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- ২৮৮০ তারিখঃ উল্লিখিত

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

১) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লকঃ এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। (দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)
২) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিকেএমইএ), ২৩৩/১ বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন (২য় ও ৩য় তলা), নারায়নগঞ্জ-১৪০০। (দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ হাতেম, নির্বাহী সভাপতি)
৩) সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ৮ পান্থপথ, ইউটিসি ভবন, লেভেল- ৮, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। (দৃষ্টি আকর্ষণঃ মনসুর আহমেদ, অতিরিক্ত পরিচালক ও সিইও- ইনচার্জ)

যুগ্ম-পরিচালক

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১০৪ তারিখঃ ০২/০৫/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-১৯৩৭, তারিখ: ৩০/০৪/২০২৩।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৩/১৮, তারিখ: ২২/০১/২০২৩।
(গ) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-২৫৮, তারিখ: ১৭/০১/২০২৩।
(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮,তারিখ: ২৬/১২/২০২২।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩০/০৪/২০২২ হতে বৃদ্ধি করে ০৬/০৭/২০২৩ নির্ধারন করা হয়েছে।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ০৬/০৭/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রে উল্লেখিত সার্কুলার ও পত্রসমূহ এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,
02/05/2023
মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- তারিখঃ ৩০/০৪/২০২৩ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

<u>অপ্রত্যাবাসিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।</u>

শীর্ষক বিষয়ে এ বিভাগের ১৭/০১/২০২৩ তারিখের পত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩-২৫৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) আপনাদের গ্রাহক/রপ্তানিকারক প্রতিষ্ঠানের শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়নপূর্বক Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে উক্ত প্রত্যয়ন পত্রের কপি প্রেরণের সময়সীমা আগামী <u>০৬/০৭/২০২৩</u> তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

০৩) সূত্রোক্ত পত্রের অন্যান্য নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/

**(মোঃ মোকাদ্দেম আহামদ)**
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

<u>অনুলিপি নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২৩- ১৯৩৭ তারিখঃ উল্লিখিত</u>

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

১) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লকঃ এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। (দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

২) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিকেএমইএ), ২৩৩/১ বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন (২য় ও ৩য় তলা), নারায়নগঞ্জ-১৪০০। (দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ হাতেম, নির্বাহী সভাপতি)

৩) সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ৮ পান্থপথ, ইউটিসি ভবন, লেভেল- ৮, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। (দৃষ্টি আকর্ষণঃ মনসুর আহমেদ, অতিরিক্ত পরিচালক ও সিইও- ইনচার্জ)

যুগ্ম-পরিচালক

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৮

তারিখঃ ২২/০১/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২, তারিখ: ১৭/০১/২০২৩।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮,তারিখ: ২৬/১২/২০২২।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত 'ক' স্মারকের মাধ্যমে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের জন্য Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে সংশ্লিষ্ট ইএক্সপি সংশোধনের আবেদনের সাথে কাস্টম হাউস/বন্ড কমিশনারেটের প্রত্যয়ন পত্রের কপি ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টে (এক্সপোর্ট ট্রেড শাখা) প্রেরণের পরামর্শ প্রদান করা হয়েছে।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রে উল্লেখিত বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পত্রদ্বয় এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

22/1/2023

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

BGMEA Dhaka
Secretary General
Accounts
Admin/HR
Arbitration
C & M
CMC
Communication
Customs
Fire
Fire & Safety
Gas & Electricity
Health
Insurance
Labour
Membership
MIS
PR
SDF
Dispatch No.
Date

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট

(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-

তারিখঃ **১৭/০১/২০২৩ ইং**

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

**অপ্রত্যাবাসিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।**

শীর্ষক বিষয়ে ২৬/১২/২০২২ তারিখে জারিকৃত জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে আগামী **৩০/০৪/২০২৩** তারিখের মধ্যে প্রত্যয়ন করে হালনাগাদের কাজ সম্পন্ন করতে আপনাদের গ্রাহক/রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে তাগাদা প্রদান করা এবং Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে সংশ্লিষ্ট ইএক্সপি সংশোধনের আবেদনের সাথে উক্ত প্রত্যয়ন পত্রের কপিও এ বিভাগে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হল।

০৩) প্রদত্ত সময়সীমার মধ্যে শর্ট শিপমেন্ট সংক্রান্ত বিল অব এক্সপোর্টের তথ্য হালনাগাদ করা না হলে ঐ ইএক্সপিসমূহকে আংশিক মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য করতঃ গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রাঞ্জেকশন্স, ২০১৮ এর ভলিয়্যুম ১, অধ্যায় ৮, অনুচ্ছেদ ১৩ এর নির্দেশনা অনুযায়ী ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর সেকশন ২৩(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ এক (০১) পাতা।

স্বাঃ/

**(মোঃ মোকাদ্দেম আহামদ)**
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

অনুলিপি নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২- **২৫৮**

তারিখঃ উল্লিখিত

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

১) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লকঃ এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। (দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

২) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিকেএমইএ), ২৩৩/১ বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন (২য় ও ৩য় তলা), নারায়নগঞ্জ-১৪০০। (দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ হাতেম, নির্বাহী সভাপতি)

৩) সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ৮ পান্থপথ, ইউটিসি ভবন, লেভেল- ৮, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। (দৃষ্টি আকর্ষণঃ মনসুর আহমেদ, অতিরিক্ত পরিচালক ও সিইও- ইনচার্জ)

যুগ্ম-পরিচালক

Ms. Shahinoor

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/২৯৯ তারিখঃ ২৬/১২/২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানিতে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮, তারিখঃ ২৬/১২/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন যে, দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণের কার্যক্রমটি জাতীয় রাজস্ব বোর্ডে চলমান ছিল। বিষয়টি সমাধানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সাথে বিজিএমইএ'র প্রতিনিধিগণ বিভিন্ন সভায় মিলিত হন।

বিজিএমইএ'র প্রচেষ্টার ফলশ্রুতিতে দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন বিল অব এক্সপোর্টসমূহের তথ্য হালনাগাদকরণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত নির্দেশনা জারী করেছে। আপনাদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আশা করছি উক্ত নির্দেশনার আলোকে দ্রুততার সাথে অনিষ্পন্ন Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য হালনাগাদকরণ সম্ভব হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
**সভাপতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৪ তারিখ: ২৬/১২/২০২২ খ্রি:।

বিষয়: পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানিতে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: গত ১৪/১১/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে সকল অংশীজনদের অংশগ্রহণে গত ১৪/১১/২০২২খ্রি তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত সভায় গত ৩১.১২.২০২০ খ্রিষ্টাব্দের পূর্বের Short Shipment সংক্রান্ত দাখিলকৃত অনিষ্পন্ন আবেদনসমূহ যথাযথভাবে পরীক্ষা করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক প্রত্যয়নপূর্বক বাংলাদেশ ব্যাংকে প্রেরণের পর, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/
(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)।
৩. ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (ইপিবি), ঢাকা।
৪. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসেয়শন (বিজিএমইএ), ঢাকা।
৫-১০. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
১১-১৩. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
১৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৫-১৬. প্রথম সচিব (কাস্টমস নীতি/কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৭-১৮. দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি/কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ তারিখ: ২৬/১২/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন।
২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

২৮/১২/২০২২
(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

D:\01.002.17.Doc